

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-১ অধিশাখা  
www.mohfw.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০৫৬.১৮-২১৪

তারিখ : ২৪/১০/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ পাবনা মেডিকেল কলেজ, পাবনা এর ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ পামেক/২০১৮/১১৪১ তারিখঃ ২৪/০৫/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে পাবনা মেডিকেল কলেজ, পাবনা এর নামের ধার্ষে বর্ণিত পদসমূহে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে নিয়োক্ত শর্তে ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল।

ক্র: নং:	পদের নাম	আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদের সংখ্যা
১	অফিস সহায়ক (এমএলএসএস)	৬
২	আয়া	২
৩	কুক	২
৪	সহকারী কুক	২
৫	নিরাপত্তা প্রহরী	৪
৬	পরিচ্ছন্নতাকর্মী	৪
৭	প্লাম্বার	১
মোট =		২১ (একুশ) টি পদ

শর্তাবলীঃ

- (১) আউট সোর্সিং (out Sourcing) এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা-২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধানসহ অর্থ বিভাগের ২৭.০১.২০১৬ খ্রিঃ তারিখের ০৭.১৫৩.০১৫.০৭.০০.০২.২০০৭-২৮ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে;
- (২) বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর তফসিলে অন্তর্ভুক্ত নেই, এমন কোন পদে নিয়োগ প্রদান করা যাবে না।
- (৩) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/ভারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
- (৪) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো/পদ সৃষ্টির জিওতে যদি কোন পদ অন্তর্ভুক্ত না থাকে, সেক্ষেত্রে জনবল নিয়োগ করা যাবে না;
- (৫) সাংগঠনিক কাঠামো/পদ সৃষ্টির আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে, তবে পদ সৃষ্টির আদেশে পদ থাকলেও ২০১৮ নিয়োগবিধিমালায় তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবে না।
- (৬) অস্থায়ী পদসমূহ হালনাগাদ সংরক্ষণকৃত পদ হতে হবে;
- (৭) আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা প্রযোজ্য হবে;
- (৮) জনবল নিয়োগের ১৫ কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবিহিত করতে হবে;
- (৯) ছাড়কৃত ২১ (একুশ) টি পদের মধ্যে কোন পদে পূর্বে ছাড়পত্র গ্রহণ করা হলে বা নিয়োগ কার্যক্রম চলমান থাকলে সেক্ষেত্রে জনবল নিয়োগ করা যাবে না;
- (১০) পদের বিরুদ্ধে মামলা থাকলে জনবল নিয়োগ করা যাবে না।

২৪.১০.২০১৮

(মোহাম্মদ মোহসীন উদ্দিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৬০৫১

email-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ

পাবনা মেডিকেল কলেজ, পাবনা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৭। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।